

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

জলঢাকা, নীলফামারী

[www.jaldhaka.nilphamari.gov.bd](http://www.jaldhaka.nilphamari.gov.bd)

স্মারক নং-০৫.৪৭.৭৩৩৬.০০০.০২.০৬৭.১৯-৮৯৩

তারিখঃ ১২ সেপ্টেম্বর ২০১৯

বিষয় : উপজেলাধীন বিভিন্ন দপ্তরের/অফিস সমূহের ওয়েব পোর্টাল হালনাগাদকরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী ২০২১ সালে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে পরিণত করতে সরকারি সকল দপ্তরে ডিজিটাল প্রযুক্তির ব্যবহার শতভাগ নিশ্চিত করার নির্দেশনা দিয়েছেন। সেই রূপরেখা বাস্তবায়নে ও ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে জনগণের দোড়গোরা তথ্য এবং সেবা প্রদান নিশ্চিত করতে সরকার অঙ্গীকারবদ্ধ।

এ অঙ্গীকার বাস্তবায়নে সকল সরকারী দপ্তরে ইন্টারনেট ভিত্তিক ওয়েব পোর্টাল চালু করা হয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে, উপজেলার বিভিন্ন সরকারী অফিস সমূহে স্ব-স্ব ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করা হচ্ছে না। এতে ডিজিটাল বাংলাদেশ গড়ার উদ্দেশ্য ব্যহত হচ্ছে। যা মোটেই কাম্য নয়।

এমতাবস্থায়, স্বচ্ছ, দক্ষ ও জনবান্ধবমূলক সেবা নিশ্চিত করার লক্ষ্যে ও ডিজিটাল বাংলাদেশের রূপরেখা বাস্তবায়নে আগামী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে তাঁর দপ্তরের স্ব-স্ব ওয়েব পোর্টাল হালনাগাদপূর্বক অগ্রগতির প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ এবং সময়ে সময়ে নিয়মিতভাবে হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উক্ত ওয়েব পোর্টাল হালনাগাদ ও মনিটরিং করার জন্য উপজেলায় ইতোমধ্যে একজন সহকারী প্রোগ্রামার নিয়োগ করা হয়েছে প্রয়োজনে তার সাথে যোগাযোগ করা যেতে পারে।

মোঃ রবিউল ইসলাম  
উপজেলা সহকারী প্রোগ্রামার  
জলঢাকা, নীলফামারী।  
প্রয়োজনে ০১৭২৩২০৭৪৯৫

উপজেলা ..... অফিসার  
জলঢাকা, নীলফামারী।

  
১২/০৯/১৯  
(মোঃ সূর্জাউদ্দৌলা)  
উপজেলা নির্বাহী অফিসার  
জলঢাকা, নীলফামারী।  
ফোন নং-০৫৫২৪-৬৪০০৪  
[unoijaldhaka@mopa.gov.bd](mailto:unoijaldhaka@mopa.gov.bd)

সদয় অবগতির জন্য প্রেরণ :

- ✓ ১। জেলা প্রশাসক, নীলফামারী।
- ২। অফিস কপি।